

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

শিক্ষা একটি চলমান প্রক্রিয়া। সর্বক্ষেত্রে শিক্ষার প্রয়োজন। প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা হলো সকল শিক্ষার মূলভিত্তি। প্রাথমিক শিক্ষার পরিমাণগত দিক বৃদ্ধি পেলেও গুণগতমান এখনো সন্তোজনক পর্যায়ে পৌঁছেনি। প্রাথমিক শিক্ষার গুণগতমান বৃদ্ধি করতে হলে প্রথমে প্রয়োজন শিক্ষকগণের গুণগতমান বৃদ্ধিকরা। ত্রিশাল উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য শিক্ষকদের বিভিন্ন ধরনের একাডেমিক সাপোর্ট দিয়ে আসছে। যেমন- বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, স্বল্পকালীন বিভিন্ন প্রশিক্ষণ, প্রশিক্ষণলব্ধ জ্ঞান শ্রেণিকক্ষে বাস্তবায়ন, পর্যবেক্ষণ, ডিপিএড প্রশিক্ষণ বিদ্যালয় পর্যায়ে যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারকী করা, সাব-ক্লাস্টার লিফলেট প্রণয়ন, সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পর্যবেক্ষণ, উপজেলা পর্যায়ে বিদ্যালয় ও শিক্ষকদের ডাটাবেইজ তৈরি, শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি, ব্যবহার ও ব্যবহারের পর সংরক্ষণ কৌশল নিয়ে আলোচনা, কর্ম-সহায়ক গবেষণা পরিচালনা, বিদ্যালয়ে শিখন-শেখানো কার্যক্রম পর্যবেক্ষণ, শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা নিরূপন, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও স্লিপ কমিটিকে প্রশিক্ষণ প্রদান করা ইত্যাদি। তারই ধারাবাহিকতায় ত্রিশাল উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি জন্য বিভিন্ন প্রকার প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। গত ০৩ বছরে অত্র উপজেলা রিসোর্স সেন্টার হতে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যা নিম্নে উপস্থাপন করা হলো:

অর্থ বছর	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক সংখ্যা	মন্তব্য
২০২০-	অনলাইন গণিত	২৫	
২০২১	অনলাইন ইনডাকশন	২৫	
২০২১-	প্রাথমিক বিজ্ঞান ডিউপার্ট	৬০	
২০২২	গণিত অলিম্পিয়াড	১৫০	
২০২২-	বিষয়ভিত্তিক বাংলা	১২০	
২০২৩	ইংরেজি (টিএমটিই)	১২০	
	গণিত অলিম্পিয়াড	১৮০	